

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
বেসরকারি মাধ্যমিক-৩
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd

নং- ৩৭.০০.০০০০.০৭৪.০২৭.০০৪.২০১১.১০৮


তারিখ : ২৪.০৪.২০১৯ খ্রি:

বিষয় : সুনামগঞ্জ জেলার দিরাই উপজেলাধীন মাটিয়াপুর এস.ই.এস.ডি.পি মডেল উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক বিষ্ণুপদ দাসের বেতন ভাতা বন্ধকরণ।

সূত্র : মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের বেসরকারি মাধ্যমিক-২ শাখা এর ইউ.ও.নোট নং
৩৭.০০.০০০০.০৭৩.৪১.১০৬.১৬-১১৬ তারিখ: ০৩ এপ্রিল ২০১৯

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সুনামগঞ্জ জেলার দিরাই উপজেলাধীন মাটিয়াপুর এস.ই.এস.ডি.পি মডেল উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক বিষ্ণুপদ দাসের বিরুদ্ধে (১) বিদ্যালয়ের টাকা সাধারণ তহবিলে জমা না দেয়া (২) উপজেলা পরিষদ হতে প্রাপ্ত বরাদ্দ ব্যয়ে পরিচালনা কমিটির অনুমতি/ম্যানেজিং কমিটির অনুমোদন না নেয়া (৩) সকল আয়-ব্যয় যথাযথভাবে লিপিবদ্ধ না করা (৪) বিধি বহির্ভূতভাবে কর্মস্থল ত্যাগ করাসহ অর্থ ব্যয় সংক্রান্ত আনীত অভিযোগ তদন্তে প্রমাণিত হয়েছে।

২.০ এমতাবস্থায়, বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের (স্কুল ও কলেজ) জনবলকাঠামো ও এম.পি.ও. নীতিমালা-২০১৮ এর ১৮.১ এর (খ) অনুচ্ছেদ অনুযায়ী সুনামগঞ্জ জেলার দিরাই উপজেলাধীন মাটিয়াপুর এস.ই.এস.ডি.পি মডেল উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক বিষ্ণুপদ দাসের বেতন ভাতা বন্ধ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


২৪/৪/২০১৯
(মো: কামরুল হাসান)
উপসচিব
ফোন : ৯৫৪০৫১৭

মহাপরিচালক
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
শিক্ষা ভবন, ঢাকা।

সদয় অবগতি/ কার্যার্থে :

০১. সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
০২. সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
০৩. সিনিয়র সহকারী সচিব, বেসরকারি মাধ্যমিক-২ শাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
০৪. বিষ্ণুপদ দাস, প্রধান শিক্ষক, মাটিয়াপুর এস.ই.এস.ডি.পি মডেল উচ্চ বিদ্যালয়, দিরাই, সুনামগঞ্জ।
০৫. অফিস কপি।